

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd


নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭-১৭০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ডেঙ্গুর বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ।

সম্প্রতি ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ০১। দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানের ভবনসমূহ এবং আশেপাশের খোলা জায়গা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
- ০২। দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানের ভবনসমূহ, খোলা জায়গা, মাঠ, ফুলের টব, পানির পাম্প বা পানি জমে এরকম পাত্র, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, পানির ট্যাপের আশেপাশের জায়গা, বাথরুম/বাথরুমের কমোড, গ্যারেজ, নির্মাণাধীন ভবন, লিফট/সিঁড়ি, পরিত্যক্ত বস্তু ইত্যাদি এডিস মশার সম্ভাব্য প্রজননস্থলে যাতে ০২(দুই)দিনের বেশী পানি জমতে না পারে তা নিশ্চিত করতে হবে;
- ০৩। সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীগণ এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯সহ ডেঙ্গু বিস্তার রোধকল্পে স্বাস্থ্য বিধি অনুসরণের অনুরোধ জানাবেন;
- ০৪। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণ ডেঙ্গু বিস্তার রোধকল্পে সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসন/স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট দপ্তর/স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।


তারিখ: ০১/০৮/২০২১
মোঃ মাসুদুল ইসলাম
উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

দপ্তর/সংস্থা প্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(তীর আওতাধীন সকল দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭- ১৭০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা/-২

(পাতা নং-২)

- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)
- ৮) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা


মোঃ নজরুল ইসলাম
উপসচিব